# বাংলাদেশ ডাক বিভাগের হিসাবের উপর বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর যানবাহন কর আদায় সংক্রান্ত ইস্যুভিত্তিক নিরীক্ষা প্রতিবেদন

২০০৪-২০০৫

## প্রথম খন্ড

(অডিট রিপোর্টের সংক্ষিপ্ত সার)

ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়

বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
ঢাকা।

[ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩২ নম্বর অনুচ্ছেদ অনুসারে মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮(১) ও ১২৮(২) এবং কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশন্স এ্যাক্ট ১৯৭৪ সনের ২৪ নম্বর আইন) এর ধারা ৫(২) অনুযায়ী মহাপরিচালক ডাক, তার ও দূরালাপনী অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত ইস্যুভিত্তিক অডিট রিপোর্ট জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হ'লো।

তারিখ ঃ ২১/৮/১৪১৩ বঃ
০৫/১২/০৬ খ্রিঃ

স্বাক্ষরিত

( আসিফ আলী )
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল,
বাংলাদেশ।

# নিরীক্ষা বিষয়ক তথ্য
# ( Information About the Audit )

| | | |
|---|---|---|
| নিরীক্ষিত প্রতিষ্ঠান<br>**( Audited Units)** | ঃ | ১। ঢাকা জিপিও, ঢাকা।<br>২। চট্টগ্রাম জিপিও, চট্টগ্রাম।<br>৩। চট্টগ্রাম বন্দর প্রধান ডাকঘর, চট্টগ্রাম। |
| নিরীক্ষার প্রকৃতি<br>**( Nature of Audit )** | ঃ | ইস্যুভিত্তিক নিরীক্ষা। |
| নিরীক্ষিত বৎসর<br>**( Audited Year )** | ঃ | ২০০৪-২০০৫। |
| নিরীক্ষা কৌশল<br>**( Audit Approach )** | ঃ | পরীক্ষামূলক স্থানীয় নিরীক্ষা। |
| নিরীক্ষা দলের সংখ্যা<br>**( Number of Audit Teams )** | ঃ | ২ (দুই) টি। |
| নিরীক্ষা তথ্য সংগ্রহের কৌশল<br>**(Audit Information Collection Technique)** | ঃ | চাহিদাপত্র ইস্যুকরণ |
| নিরীক্ষা তথ্যসমূহের ধরণ<br>**( Pattern of Audit Information)** | ঃ | মাঠ পর্যায়ে প্রাপ্ত মৌলিক তথ্যসমূহ। |

# ১.০১ গুরুতর আর্থিক অনিয়মের সংক্ষিপ্ত সার
# বাংলাদেশ ডাক বিভাগ

| ক্রমিক নম্বর | শিরোনাম | টাকা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | যানবাহন কর আদায় করে সরকারি খাতে জমা না দেয়ায় রাজস্ব ক্ষতি। | ৩০,০১,৪৮০/- |
| ২ | মেয়াদ উত্তীর্ণ যানবাহনের ট্যাক্স টোকেন সঠিকভাবে নবায়ন না করায় সরকারের রাজস্ব ক্ষতি। | ৩৫,৬৬,৭৩৯/- |
| ৩ | কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক যানবাহন কর আদায় না করায় সরকারের রাজস্ব ক্ষতি। | ৩,৯৯,৪৮২/- |
| | মোট = | ৬৯,৬৭,৭০১/- |

## অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ ঃ- (Causes of Irregularities and Losses).

## বাংলাদেশ ডাক বিভাগ

১ ॥ সরকারি আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন না করা।

২ ॥ অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দূর্বলতা।

৩ ॥ অধঃস্তন অফিস সমূহের কার্যক্রম যথাযথভাবে তদারকী না করা।

৪ ॥ সরকারের পক্ষে গৃহিত অর্থের সঠিক হিসাব সংরক্ষণ না করা।

৫ ॥ কর্মকর্তা / কর্মচারীগণ কর্তৃক তাঁদের দায়িত্ব সঠিকভাবে পালন না করা।

## নিরীক্ষার সুপারিশমালা (Audit Recommendations) ঃ

## বাংলাদেশ ডাক বিভাগ

১ ॥ ট্যাক্স টোকেন বাবদ কম আদায়কৃত অর্থ দায়ী কর্মকর্তা / কর্মচারিদের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

২ ॥ দায়ী কর্মকর্তা / কর্মচারি চিহ্নিত করে শাস্তিমূলক ব্যবস্থা করা আবশ্যক।

৩ ॥ অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সচল করা আবশ্যক।

৪ ॥ অধঃস্তন পর্যায়ে কার্যক্রমের তদারকী জোরদার করা আবশ্যক।

৫ ॥ সরকারী অর্থের সঠিক হিসাব সংরক্ষণ আবশ্যক।

৬ ॥ কর্মকর্তা / কর্মচারীদের যথাযথভাবে দায়িত্ব পালনে সচেষ্ট হওয়া আবশ্যক।

# মহা পরিচালকের মন্তব্য

ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ডাক বিভাগ এর অধীনস্থ কতিপয় অফিসের ২০০৪-২০০৫ সালের হিসাবের উপর ডাক, তার ও দূরালাপনী অডিট অধিদপ্তর কর্তৃক ৬-৮-২০০৫ হতে ১৯-১-২০০৬ পর্যন্ত স্থানীয় পর্যায়ে নিরীক্ষা পরিচালনা করা হয়। উক্ত নিরীক্ষায় উত্থাপিত যে সকল আপত্তি বাংলাদেশ ডাক বিভাগ এবং ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের সাথে বিভিন্ন সময়ে পত্র যোগাযোগের মাধ্যমে নিষ্পত্তি করা সম্ভব হয়নি, সে সকল আপত্তিসমূহকে সন্নিবেশ করে আলোচ্য নিরীক্ষা প্রতিবেদনটি প্রণীত হয়েছে।

প্রতিবেদনে বাংলাদেশ ডাক বিভাগের উপর ৩(তিন) টি নিরীক্ষা অনুচ্ছেদ সন্নিবেশ করা হয়েছে।

আলোচ্য প্রতিবেদনের মাধ্যমে যে সকল আর্থিক অনিয়ম, ত্রুটি-বিচ্যুতি ইত্যাদি দৃষ্টিগোচরে আনা হল তা সংশ্লিষ্ট আর্থিক বৎসরের মোট আর্থিক লেনদেনের পরীক্ষামূলক স্থানীয় নিরীক্ষার ফল মাত্র। অতএব, আলোচ্য নিরীক্ষা প্রতিবেদনের নিরীক্ষা মন্তব্যগুলো কেবলমাত্র নমুনামূলক, এগুলো সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহের সার্বিক কর্মকান্ডের ভুল-ত্রুটির পূর্ণাঙ্গ চিত্র নয়।

ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ ডাক বিভাগ কর্তৃপক্ষকে উক্ত অনিয়মসমূহের বিষয়ে যথাবিহিত সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণপূর্বক নিরীক্ষাকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে। ভবিষ্যতে অনুরূপ অনিয়ম যেন আর সংঘটিত না হয়, সেদিকে সজাগ দৃষ্টি রাখার জন্যও সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে অনুরোধ করা যাচ্ছে।

তারিখ ঃ ১৬/৮/১৪১৩ বঃ
৩০/১১/০৬ খ্রিঃ

স্বাক্ষরিত

( মোঃ আবদুল বাছেত খান )
মহাপরিচালক
ডাক, তার ও দূরালাপনী অডিট অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

# বাংলাদেশ ডাক বিভাগের হিসাবের উপর বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর যানবাহন কর আদায় সংক্রান্ত ইস্যুভিত্তিক নিরীক্ষা প্রতিবেদন

২০০৪-২০০৫

## দ্বিতীয় খন্ড

(মূল নিরীক্ষা আপত্তিসমূহ)

ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়

বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
ঢাকা।

[ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩২ নম্বর অনুচ্ছেদ অনুসারে মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত ]

# সূচীপত্র


| | | | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|---|
| ১। কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর মন্তব্য | ... | ... | ১ |
| ২। গুরুতর আর্থিক অনিয়ম | ... | ... | ৩ |
| ২.০১ গুরুতর আর্থিক অনিয়মের সংক্ষিপ্ত সার | ... | ... | ৫ |
| ২.০২ গুরুতর আর্থিক অনিয়মসমূহের বিস্তারিত বিবরণ | ... | ... | ৭-৯ |
| ৩। মহা পরিচালকের মন্তব্য | ... | ... | ১১ |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১২৮(১) ও ১২৮(২) এবং কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশন্স এ্যাক্ট ১৯৭৪ সনের ২৪ নম্বর আইন) এর ধারা ৫(২) অনুযায়ী মহাপরিচালক ডাক, তার ও দূরালাপনী অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত ইস্যু ভিত্তিক অডিট রিপোর্ট জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হ'লো।

তারিখ ঃ ২১/৮/১৪১৬ বঃ
০৫/১২/০৯ খ্রিঃ

স্বাক্ষরিত
(আসিফ আলী)
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল
বাংলাদেশ।

# গুরুতর আর্থিক অনিয়ম

# ২.০১ গুরুতর আর্থিক অনিয়মের সংক্ষিপ্ত সার
# বাংলাদেশ ডাক বিভাগ

| ক্রমিক নম্বর | অফিসের নাম | শিরোনাম | টাকা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | ঢাকা জিপিও, ঢাকা ১টি অফিস | যানবাহন কর আদায় করে সরকারি খাতে জমা না দেয়ায় রাজস্ব ক্ষতি। | ৩০,০১,৪৮০/- |
| ২ | ঢাকা জিপিও, ঢাকা ১টি অফিস | মেয়াদ উত্তীর্ণ যানবাহনের ট্যাক্স টোকেন সঠিকভাবে নবায়ন না করায় সরকারের রাজস্ব ক্ষতি। | ৩৫,৬৬,৭৩৯/- |
| ৩ | চট্টগ্রাম জিপিও এবং চট্টগ্রাম বন্দর প্রধান ডাকঘর, ২টি অফিস। | কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক যানবাহন কর আদায় না করায় সরকারের রাজস্ব ক্ষতি। | ৩,৯৯,৪৮২/- |
| | | মোট = | ৬৯,৬৭,৭০১/- |

# ২.০২ গুরুতর আর্থিক অনিয়মসমূহের বিস্তারিত বিবরণ (বাংলাদেশ ডাক বিভাগ)

**অনুচ্ছেদ নম্বর ঃ-১ ॥ যানবাহন কর আদায় করে সরকারি খাতে জমা না দেয়ায় ৩০,০১,৪৮০/- টাকা ক্ষতি।**

**বিষয়বস্তু ঃ**

- **নিরীক্ষিত প্রতিষ্ঠান** ঃ বাংলাদেশ ডাক বিভাগের অধীন ৫টি অফিস।
- **নিরীক্ষা বৎসর** ঃ ২০০৪-২০০৫।
- **নিরীক্ষার সময়** ঃ ২০-৮-২০০৫ হতে ৯-১০-২০০৫।
- **জড়িত অর্থ** ঃ ৩০,০১,৪৮০/- টাকা (পরিশিষ্ট-১)।

**অনিয়মের ধরণ ঃ**

- ডাক অধিদপ্তরের ২৮-১-২০০৩ তারিখের পত্র নং-এমডি ট্যাক্স/৩-১/২০০০-১/পার্ট-১(রুলিং) এ উল্লেখিত ডাক বিভাগের পরিপত্র নং-২৬ তারিখ ঃ-৮-৬-১৯৯১ অনুযায়ী ট্যাক্স টোকেন বাবদ গৃহিত অর্থ দৈনিক হিসাব ও সিডিউলে অন্তর্ভুক্ত করা হয়নি।
- ট্যাক্স টোকেন বাবদ গৃহীত অর্থ সরকারী কোষাগারে জমা করা হয়নি।
- টাকা আদায়ের সমর্থনে ট্যাক্স টোকেনের কাউন্টার ফয়েল এবং এসিজি-৬৭ এর কাউন্টার ফয়েল পোষ্ট অফিসে সংরক্ষণ করা হয়নি / পাওয়া যায়নি।

**ফলাফল ঃ**

- সরকারী আদেশ অমান্য করে সরকারের ৩০,০১,৪৮০/- টাকা ক্ষতি সাধন করা হয়েছে।

**স্থানীয় কর্তৃপক্ষের জবাব ঃ**

- তদন্তপূর্বক দায়ী কর্মচারীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

- বিষয়টিকে গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে সচিব বরাবরে প্রেরণ করা হয়।
- অতঃপর একটি তাগিদপত্র প্রেরণ করার পরও মন্ত্রণালয় হতে কোন জবাব না পাওয়ায় সচিব বরাবরে একটি আধা-সরকারী পত্র প্রেরণ করা হয়। কিন্তু কোন জবাব/মন্তব্য পাওয়া যায়নি।
- ক্ষতির অর্থ আদায়ের যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- দায়ী কর্মকর্তা/কর্মচারীগণকে চিহ্নিত করে তাদের বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।
- সরকারী ক্ষতির অর্থ সংশ্লিষ্ট দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করা আবশ্যক।

## অনুচ্ছেদ নম্বর ঃ-২ ॥ মেয়াদ উত্তীর্ণ যানবাহনের ট্যাক্স টোকেন সঠিক ভাবে নবায়ন না করায় সরকারের ৩৫,৬৬,৭৩৯/- টাকা রাজস্ব ক্ষতি ।

**বিষয়বস্তু ঃ**

- নিরীক্ষিত প্রতিষ্ঠান ঃ বাংলাদেশ ডাক বিভাগের অধীন ৩টি অফিস ।
- নিরীক্ষা বৎসর ঃ ২০০৪-২০০৫ ।
- নিরীক্ষার সময় ঃ ২০-৮-২০০৫ হতে ০১-১০-২০০৫ ।
- ক্ষতির পরিমাণ ঃ ৩৫,৬৬,৭৩৯/- টাকা (পরিশিষ্ট-২) ।

**অনিয়মের ধরণ ঃ**

- সড়ক ও পরিবহন বিভাগ এর স্মারক নম্বর-এম ভি-আর টি/২টি-৩/৮৯ (অংশ)-১২০ তারিখ ঃ ০৪-০৫-১৯৯২ মোতাবেক মটরযান মালিকগণকে গাড়ীর ট্যাক্স টোকেন মেয়াদ উত্তীর্ণ হওয়ার ১৫ (পনের) দিনের মধ্যে পুনরায় নবায়ন করতে হবে ।
- যথা সময় কর প্রদানে ব্যর্থ হলে প্রযোজ্য কর এবং করের ১.৫০ গুণ জরিমানা সহ ট্যাক্স টোকেন নবায়ন করতে হবে ।
- উক্ত আদেশ উপেক্ষা করে ২০০৩-২০০৪ এবং ২০০৪-২০০৫ সময়ের ট্যাক্স ও জরিমানা আদায় ব্যতীত লেজারের পাতা খালি রেখে পরবর্তী সময়ের ট্যাক্স গ্রহণ করা হয়েছে ।

**ফলাফল ঃ**

- সরকারী আদেশ অমান্য করে সরকারের ৩৫,৬৬,৭৩৯/- টাকা ক্ষতি সাধন করা হয়েছে ।

**স্থানীয় কর্তৃপক্ষের জবাব ঃ**

- তদন্তপূর্বক দায়ী কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে ।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

- বিষয়টিকে গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে অগ্রিম অনুচ্ছেদ আকারে সচিব বরাবরে প্রেরণ করা হয় ।
- অতঃপর একটি তাগিদপত্র প্রেরণ করার পরও মন্ত্রণালয়ের কোন জবাব না পাওয়ায় সচিব বরাবরে একটি আধা-সরকারী পত্র প্রেরণ করা হয় । কিন্তু কোন জবাব/মন্তব্য পাওয়া যায়নি ।
- ক্ষতির অর্থ আদায়ের যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়নি ।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- দায়ী কর্মকর্তা / কর্মচারীগণকে চিহ্নিত করে তাদের বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক ।
- সরকারী ক্ষতির অর্থ সংশ্লিষ্ট দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করা আবশ্যক ।

## অনুচ্ছেদ নম্বর ঃ-৩ ॥ কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক জরিমানা সহ যানবাহন কর আদায় না করায় ৩,৯৯,৪৮২/- টাকা রাজস্ব ক্ষতি।

**বিষয়বস্তু ঃ**

- **নিরীক্ষিত প্রতিষ্ঠান** ঃ বাংলাদেশ ডাক বিভাগের অধীন ৩টি অফিস।
- **নিরীক্ষা বৎসর** ঃ ২০০৪-২০০৫।
- **নিরীক্ষার সময়** ঃ ২০-১২-২০০৫ হতে ১৯-০১-২০০৬ পর্যন্ত।
- **ক্ষতির পরিমাণ** ঃ ৩,৯৯,৪৮২/- টাকা (পরিশিষ্ট-৪)।

**অনিয়মের ধরণ ঃ**

- যোগাযোগ মন্ত্রণালয়ের সড়ক ও পরিবহন বিভাগের স্মারক নম্বর-এম ভি-আর টি/২টি-৩/৮৯ (অংশ)-১২০ তারিখ ঃ ০৪-০৫-১৯৯২ মোতাবেক কোন গাড়ীর কর মেয়াদ শেষ হওয়ার ১৫ (পনের) দিনের মধ্যে পরিশোধ না করা হলে মুল করের ১.৫০ গুণ জরিমানা সহ আদায়যোগ্য।

- উক্ত আদেশ উপেক্ষা করে কর পরিশোধের নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পরও জরিমানা ব্যতীত ট্যাক্স আদায় করা হয়েছে।

**ফলাফল ঃ**

- জরিমানা ব্যতীত ট্যাক্স আদায় করায় ৩,৯৯,৪৮২/-টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

**স্থানীয় কর্তৃপক্ষের জবাব ঃ**

- নথিপত্র পর্যালোচনা পূর্বক জবাব প্রদান করা হবে।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

- বিষয়টিকে গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে অগ্রিম অনুচ্ছেদ আকারে সচিব বরাবরে প্রেরণ করা হয়।
- অতঃপর একটি তাগিদপত্র প্রেরণ করার পরও কোন জবাব না পাওয়ায় সচিব বরাবরে একটি আধা-সরকারী পত্র প্রেরণ করা হয়। কিন্তু কোন জবাব/মন্তব্য পাওয়া যায়নি।
- ক্ষতির অর্থ আদায়ের যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- কম আদায়কৃত অর্থ দায়ী কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে আদায় করে সরকারী কোষাগারে জমা করা আবশ্যক।

# মহাপরিচালকের মন্তব্য

ডাক, তার ও দূরালাপনী অডিট অধিদপ্তরের নিরীক্ষাধীন বাংলাদেশ ডাক বিভাগের (ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়) ২টি অফিসের ২০০৪-২০০৫ সালের হিসাব বর্তমানে প্রচলিত নিয়মানুযায়ী দৈবচয়ন পদ্ধতিতে নমুনামূলক ও শতকরা হার ভিত্তিক নিরীক্ষা করা হয়েছে।

উক্ত নিরীক্ষায় পরিলক্ষিত গুরুতর আর্থিক অনিয়ম ও ক্ষয়-ক্ষতির বিবরণ আলোচ্য নিরীক্ষা প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হয়েছে।

তারিখ ঃ ১৬/৮/১৪১৩ বঃ
৩০/১১/০৬ খ্রিঃ

স্বাক্ষরিত

( মোঃ আবদুল বাছেত খান )
মহাপরিচালক
ডাক, তার ও দূরালাপনী অডিট অধিদপ্তর,
ঢাকা।